

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা কমান্ড্যান্টের কার্যালয়
আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, বগুড়া।

স্মারক নং-৪৪.০৩.৫০১০.০০২.০৪.০০৫.২৩- ২২৮৭

তাং-০১/০৮/২০২৩ খ্রিঃ

বিষয় : প্রশিক্ষণে প্রশিক্ষণার্থী প্রেরণ প্রসঙ্গে।

সূত্র : আ/ভি সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা এর দপ্তর স্মারক নং-৪৪.০৩.০০০০.০৬২.৩২.০৩২.২৩.১৭১, তাং-৩১/০৭/২০২৩ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আগামী ০৬/০৮/২০২৩ খ্রিঃ তারিখ হতে ২৬/০৮/২০২৩ খ্রিঃ তারিখ পর্যন্ত ২১ দিন মেয়াদি জেলাভিত্তিক অত্রসহ ভিডিপি মৌলিক প্রশিক্ষণ (পুরুষ-২য় ধাপ) জেলা আনসার ও ভিডিপি প্রশিক্ষণ কেন্দ্র, মালতিনগর, বগুড়ায় অনুষ্ঠিত হবে। সে প্রেক্ষিতে উপজেলা কর্তৃক গঠিত কমিটির মাধ্যমে নীতিমালা ও নিম্নবর্ণিত নির্দেশনা অনুসরণ পূর্বক যোগ্য প্রশিক্ষণার্থী উন্মুক্ত বাছাই কার্যক্রম সম্পন্ন করে পত্র মাধ্যমে অত্র দপ্তরে প্রেরণ নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো।

নির্দেশনা :

- ১। ভিডিপি প্লাটুনভুক্ত সদস্য। কমপক্ষে অষ্টম শ্রেণী পাশ। তদুর্দ্বারের অগ্রাধিকার দিতে হবে। বয়স ১৮ থেকে ৩০ বছর। উচ্চতা-৫-৪'। সুস্থাস্থ্যের অধিকারী ও অধিক উচ্চতাপ্রার্থীদের অগ্রাধিকার দিতে হবে।
- ২। স্বেচ্ছাসেবায় আগ্রহী হতে হবে।
- ৩। এলাকায় সুনামের অধিকারী হতে হবে।
- ৪। সাজাপ্রাপ্ত/দণ্ডিত ও মামলায় জড়িত ব্যক্তি প্রশিক্ষণার্থী হিসেবে বাছাই করা যাবে না।
- ৫। স্থানীয় চেয়ারম্যান/মেম্বার/কাউন্সিলর কর্তৃক নাগরিকত্ব ও চারিত্রিক প্রত্যয়নপত্র নিতে হবে।
- ৬। যারা গ্রামে স্থায়ীভাবে বসবাস করে এবং নিজ এলাকায় কর্মসংস্থানের ব্যবস্থা করেছে তাদেরকে প্রশিক্ষণার্থী হিসেবে বাছাই করতে হবে।
- ৭। অবশ্যই জাতীয় পরিচয়পত্রধারী হতে হবে।
- ৮। উপজেলা থেকে প্রেরিত প্রশিক্ষণার্থী প্রশিক্ষণের জন্য চূড়ান্ত হিসেবে গণ্য হবে। উপজেলা আনসার-ভিডিপি কর্মকর্তাগণ প্রশিক্ষণ ম্যানুয়েল অনুযায়ী বাছাই কার্যক্রম সম্পন্ন করবেন।
- ৯। প্রতিটি ইউনিয়ন হতে প্রশিক্ষণার্থী বাছাই কার্যক্রম সম্পন্ন করতে হবে।
- ১০। সার্কুলারটি বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা (সংশ্লিষ্ট সকল)
সদর/কাহালু/দুপচাঁচিয়া/আদমদিঘী/নন্দীগ্রাম/শিবগঞ্জ/
শাজাহানপুর/শেরপুর/ধুনট/সারিয়াকান্দি/ গাবতলী/সোনাতলা,
বগুড়া।

স্মারক নং-৪৪.০৩.৫০১০.০০২.০৪.০০৫.২৩- ২২৮৭

অনুলিপিঃ

- ১। প্রশিক্ষণ (ভিডিপি) শাখা
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী
সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা।
- ২। উপ-মহাপরিচালক
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী
রাজশাহী রেঞ্জ, রাজশাহী।
- ৩। অফিস কপি।

সদয় অবগতির জন্য।

-এ-

শেখ ফিরোজ আহমেদ, বিডিএম-সেবা
পরিচিতি নং-বিএভি-১২০১২২
জেলা কমান্ড্যান্ট
আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, বগুড়া
মোবাইল নং-০১৭৩০-০৩৮০৯৮

তাং-০১/০৮/২০২৩ খ্রিঃ

জেলা কমান্ড্যান্ট
আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী,
বগুড়া